# আপত্তিকর অবস্থায় আটক ইসলামী ছাত্র আন্দোলন নেতা



মাহফুজ সরকার রাকিব। ছবি: সংগৃহীত

গাইবান্ধা জেলা ইসলামী ছাত্র আন্দোলনের সভাপতি মাহফুজ সরকার রাকিবকে গভীর রাতে এক তরুণীর বাড়িতে আপত্তিকর অবস্থায় স্থানীয়দের হাতে আটকের ঘটনা ঘটেছে। পরে স্থানীয়দের মধ্যস্থতায় ওই তরুণীর সঙ্গে ৭ লাখ টাকা দেনমোহরে তার বিয়ে সম্পন্ন হয়।

বৃহস্পতিবার (৩১ জুলাই) দিবাগত রাতে গাইবান্ধার ফুলছড়ি উপজেলার কঞ্চিপাড়া ইউনিয়নের ঘোলদহ (সৈয়দপুর) গ্রামে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রের দাবি, মাহফুজ সরকার রাকিবকে তরুণীর বাড়িতে আপত্তিকর অবস্থায় দেখে এলাকাবাসী তাকে আটক করেন। পরে বিষয়টি নিয়ে উভয় পরিবারের সঙ্গে আলোচনা হলে স্থানীয়দের উপস্থিতিতে শুক্রবার ওই তরুণীর সঙ্গে তার বিয়ে সম্পন্ন হয়।

তবে অভিযোগ অস্বীকার করে মাহফুজ সরকার রাকিব বলেন, তাদের বিয়ে আগেই পারিবারিকভাবে ঠিক হয়েছিল। আগের রাতে দুই পরিবারের সদস্যরা বিয়ের প্রস্তুতি ও আলোচনা করতে একত্রিত হন। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওকে তিনি খণ্ডিত ও উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেন এবং এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ার কথাও জানান।

কঞ্চিপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল রানা শালু বলেন, মাহফুজ ও ওই তরুণীর মধ্যে আগে থেকেই সম্পর্ক ছিল। রাতে স্থানীয়দের হাতে আটকের পর শুক্রবার স্থানীয়দের মধ্যস্থতায় ৭ লাখ টাকা দেনমোহরে তাদের বিয়ে সম্পন্ন হয়েছে।